



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/৭৭

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২
২৪ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়ঃ- লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে স্বপদে বহাল প্রসঙ্গে।

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং- বামাশিবো/প্রশা/সুনামগঞ্জ-৬৫/৬৭, তারিখ: ৩১ জুলাই ২০২৫ খ্রি.
২। মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) কর্তৃক আবেদন এর স্মারক নং- ল মা দা:১৬/২৬, তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.
৩। মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) কর্তৃক আবেদন এর স্মারক নং- ল মা দা/১৯, তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং বামাশিবো/প্রশা/২৩১২৫১২৯৯৯৪১/১২৪২৫৪, তারিখ:০৪-১২-২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে সুপার ও সভাপতি কর্তৃক ব্যক্তিগত আক্রোশে বিধিবিহীনভাবে বিগত ১৮.০৩.২০২৪ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে একটি অভিযোগ পাওয়া যায়। সাময়িক বরখাস্তের বিরুদ্ধে সহকারী সুপার মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩.০৩.২০২৫ খ্রি. তারিখে রিট পিটিশন নং-৪৬৬৯/২০২৫ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের নির্দেশনা বাস্তবায়ন করে সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে স্ব-পদে বহালের জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। গত ০৯.০২.২০২৬ তারিখে মাদ্রাসা বোর্ডে উভয় পক্ষের শুনানী শেষে উভয়ের মধ্যে আপোস-মীমাংসা হয়। সে মোতাবেক উভয় পক্ষ ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গিকার নামা জমা দেন। মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যাবতীয় সমস্যা মীমাংসা করবেন মর্মে মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার মোঃ ওয়ালীউল্লাহ এবং সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার সূত্রোক্ত ২ নং স্মারকে আবেদন করেন। আবেদনে সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে স্ব-পদে বহাল করবেন মর্মে উল্লেখ করেন।

এমতাবস্থায়, লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার মোঃ ইমরান সরওয়ার-কে স্বপদে বহালের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকের অনুমোদিত এডহক কমিটির সভাপতিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৪/০২/২৬
২৪.২.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা,
জামালগঞ্জ, সুনামগঞ্জ;

২। সহকারী সুপার, লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা,
জামালগঞ্জ, সুনামগঞ্জ;

নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/৭৭

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২
২৪ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৪. উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো);
৫. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৭. সুপার (ভারপ্রাপ্ত), লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা এডহক কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৮. সদস্যবৃন্দ, লক্ষীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা এডহক কমিটি, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৯. ম্যানেজার, সোনালী/রুপালী/জনতা/অগ্রনী ব্যাংক লি: শাখা, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
১০. পি.ও টু চেয়ারম্যান (মহোদয়ের অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১১. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১২. অফিস কপি;

০৪/০২/২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd